যুগান্তর

স্কুলছাত্রীকে যৌন হয়রানি

# সোনারগাঁয়ে শিক্ষককে গণধোলাই বহিষ্কার

**স্টাফ রিপোর্টার,** *সোনারগাঁ*

স্কুলছাত্রীকে যৌন হয়রানির অপরাধে নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার বাড়িমজলিশ এলাকায় শনিবার দুপুরে এক শিক্ষককে গণধোলাই দেয়া হয়েছে। উপজেলার বাড়িমজলিশ এলাকায় সোনারগাঁও ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের সামনে এ ঘটনা ঘটে। শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকরা একত্র হয়ে ওই শিক্ষকের শাস্তির দাবিতে বিক্ষোভ মিছিল বের করে। সোনারগাঁ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা কমিটি তাৎক্ষণিক শিক্ষক আশরাফুল আলমকে বহিষ্কার করে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, শনিবার দুপুরে শিক্ষক আশরাফুল আলম স্কুলের নবম শ্রেণীর এক ছাত্রীকে মোবাইল ফোনে কু-প্রস্তাব দেয়। পরে বিষয়টি ওই ছাত্রী তার পরিবারের সদস্য ও এলাকাবাসীকে জানায়। এ ঘটনায় ওই স্কুল অ্যান্ড কলেজে উপস্থিত হয়ে অভিযুক্ত শিক্ষককে আটকের পর বাইরে নিয়ে গিয়ে গণধোলাই দেয় বিক্ষুব্ধ এলাকাবাসী। সোনারগাঁ থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে উপস্থিত হয়ে ওই শিক্ষককে উদ্ধার করে। ঘটনার পরে বিক্ষুব্ধ এলাকাবাসী অভিযুক্ত ওই শিক্ষকের শাস্তির দাবিতে বাড়িমজলিশ এলাকায় বিক্ষোভ মিছিল বের করে। এ সময় ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা পর্ষদ তাৎক্ষণিকভাবে অভিযুক্ত শিক্ষককে বহিষ্কার করে। সোনারগাঁ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি শাহজালাল মিয়া জানান, ঘটনার সত্যতা প্রমাণ পেয়ে অভিযুক্ত শিক্ষক আশরাফুল আলমকে স্কুল থেকে বহিষ্কার করা হয়েছে। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। শিক্ষক আশরাফুল আলম বলেন, তিনি ওই ছাত্রীকে কোন কুপ্রস্তাব দেননি। ছাত্রীর মোবাইল ফোনে একটি এসএমএস পাঠানোর দায়ে তাকে ডেকে নিয়ে অহেতুক মারধর করা হয়েছে। সোনারগাঁ থানার ওসি শাহ্ মো. মঞ্জুর কাদের পিপিএম জানান, এখন পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।